# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**11-05-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবর –

১) সীমান্তে কাঁটা তারের বেড়া দেওয়ার জন্য ৪৫ দিনের মধ্যে বিএসএফ-কে প্রয়োজনীয় জমি হস্তান্তর করা হবে বলে নতুন মন্ত্রিসভার প্রথম বৈঠক শেষে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

** পাশাপাশি আজ থেকেই শুরু হচ্ছে জনগণনার কাজ।

** রাজ্য যুক্ত হচ্ছে আয়ুষ্মান ভারত প্রকল্পে।

** রাজ্যে চালু থাকা কোন সামাজিক সুরক্ষা প্রকল্প বন্ধ হবে না বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

** পাঁচ বছর বাড়ানো হচ্ছে সরকারী চাকরির বয়সের ঊর্দ্ধসীমা।

২) ভোট পরবর্তী যেকোনো হিংসার ঘটনায় জিরো টলারেন্স নীতি নেওয়ার জন্য প্রশাসনিক বৈঠকে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী ।

৩) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথের খুনের ঘটনায় উত্তরপ্রদেশ থেকে ৩ জনকে গ্রেফতার করেছে বিশেষ তদন্তকারী দল সিট।

৪) কেন্দ্র, বিকশিত ভারত গ্রামীণ কর্মনিশ্চয়তা এবং আজীবিকা মিশন – ভি বি জি রাম জি আইন ২০২৫ বাস্তবায়নের জন্য বিজ্ঞপ্তি জারী করেছে।

৫) ISL ফুটবলে যুবভারতী ক্রীড়াঙ্গনে, ইস্টবেঙ্গল আজ পাঞ্জাব এফসি-র বিরুদ্ধে খেলবে।

oooooooooooooooooooo

রাজ্যে নব গঠিত বিজেপি সরকারের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে আজ প্রথম মন্ত্রিসভার বৈঠকে এক গুচ্ছ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নবান্নের ১৪ তলায় ক্যাবিনেট রুমে মন্ত্রিসভার বৈঠকের পর সংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী জানান,সীমান্তে কাঁটা তারের বেড়া দেওয়ার জন্য ৪৫ দিনের মধ্যে বিএসএফ-কে প্রয়োজনীয় জমি হস্তান্তর করা হবে। ভূমি ও ভূমি সংস্কার দফতরের প্রধান সচিব ও মুখ্য সচিবকে এব্যাপারে দায়িত্ব দেওয়া হয়েছে। অনুপ্রবেশকারীদের সুযোগ করে দিতেই তৃণমূল কংগ্রেস সরকার এতোদিন জমি দেয়নি বলে অভিযোগ করেন মুখ্যমন্ত্রী।

(বাইট – মুখ্যমন্ত্রী/সীমান্ত)

শ্রী অধিকারী জানান, আয়ুষ্মান ভারত প্রকল্পে – এ রাজ্যকে আজই যুক্ত করা হলো। প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা, প্রধানমন্ত্রী জনআরোগ্য যোজনার সুবিধাও এবার থেকে রাজ্যের মানুষ পাবেন।

(বাইট – শুভেন্দু)

জনগণনা সংক্রান্ত কেন্দ্রীয় সরকারের নির্দেশিকা আজই কার্যকর করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী জানান। তিনি আরও বলেন, রাজ্য পুলিশ সার্ভিস, আই এ এস, আই পি এস আধিকারিকদের কেন্দ্রীয় সরকারের প্রশিক্ষণ নেওয়ার ব্যাপারে আজকের বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রাজ্যে চালু থাকা কোন সামাজিক সুরক্ষা প্রকল্পই বন্ধ হবে না বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

তিনি বলেন, ২০১৫ সাল থেকে বিভিন্ন ক্ষেত্রে নিয়োগ বন্ধ থাকায় সরকারী চাকরির ক্ষেত্রে আবেদনের বয়সসীমা পাঁচ বছর বৃদ্ধি করা হলো।

শপথ নেওয়া পাঁচ মন্ত্রী দিলীপ ঘোষ, অগ্নিমিত্রা পাল, অশোক কির্তনীয়া, ক্ষুদিরাম টুডু ও নিশিথ প্রামাণিককে সঙ্গে নিয়েই সাংবাদিক বৈঠক করেন তিনি।

এর আগে নবান্নে পৌঁছনোর পরই নতুন মুখ্যমন্ত্রীকে গার্ড অফ অনার দেওয়া হয়। তাঁকে স্বাগত জানান মুখ্য সচিব দুষ্মন্ত নারিয়ালা এবং স্বরাষ্ট্র সচিব সংঘমিত্রা ঘোষ। উপস্থিত ছিলেন রাজ্য পুলিশের মহা নির্দেশক সিদ্দিনাথ গুপ্তা। কলকাতা পুলিশ কমিশনার অজয় নন্দ এবং পুলিশ প্রশাসনের অন্য আধিকারিকরা।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আজ সকালে বিজেপি-র রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্যের বাড়িতে যান। সেখানে দু-জনে বৈঠকে বসেন।

এরপর রাজ্য সভাপতির সঙ্গে সল্টলেকের দলীয় কার্যালয়ে গেলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে বিশেষভাবে স্বাগত জানান বিজেপি কর্মীরা।

oooooooooooooooooooo

ভোট পরবর্তী যেকোনো হিংসার ঘটনায় রাজ্য সরকার জিরো টলারেন্স নীতি নেবে। নবান্নে আজ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী উচ্চপর্যায়ের প্রশাসনিক পর্যালোচনা বৈঠকে এই নির্দেশ দিয়েছেন।

মুখ্যসচিব দুষ্যন্ত নারিয়ালা, স্বরাষ্ট্রসচিব সংঘমিত্র ঘোষ, রাজ্য পুলিশের ডিজি সিদ্ধনাথ গুপ্ত এবং কলকাতা পুলিশের কমিশনার অজয় নন্দের উপস্থিতিতে ওই বৈঠকে সাধারণ মানুষের নিরাপত্তা এবং রাজ্যের সামগ্রিক উন্নয়ন নিশ্চিত করতে প্রশাসনের অগ্রাধিকারের বিষয়গুলিও আলোচনা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

নিজের সমাজমাধ্যমে পোস্টে তিনি জানান, স্বচ্ছ এবং কার্যকর প্রশাসন গড়ে তুলতেই নতুন সরকার বদ্ধপরিকর।

সব জেলাশাসকদের সঙ্গেও বৈঠকের কথা রয়েছে মুখ্যমন্ত্রী।

ooooooooooooooooooooo

রাজ্যের বিভিন্ন জায়গায় ভোট পরবর্তী অশান্তির ঘটনায় আদালতের হস্তক্ষেপের দাবি জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন এক আইনজীবী। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথী সেনের ডিভিশন বেঞ্চে মামলাটির জরুরী শুনানির আর্জি জানানো হয়েছে। আগামীকাল মামলাটির শুনানির সম্ভাবনা।

oooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথের খুনের ঘটনায় উত্তরপ্রদেশ থেকে ৩ জনকে গ্রেফতার করেছে বিশেষ তদন্তকারী দল সিট। এরা সকলেই শার্প শ্যুটার বলে জানা গেছে। ধৃতদের মধ্যে ২ জন উত্তরপ্রদেশের এবং একজন বিহারের বাসিন্দা। গতরাতেই ময়াঙ্করাজ মিশ্র, ভিকি মৌর্য এবং রাজ সিংহ-কে কলকাতায় নিয়ে আসা হয়। ভবানী ভবনে দফায় দফায় চলছে জেরা। কে বা কারা তাদের এই খুনের সুপারি দিয়েছিল তা জানার চেষ্টা করছেন আধিকারিকরা। ধৃতদের আজ বারাসাত আদালতে তোলা হবে বলে সূত্রের খবর।

উল্লেখ্য, চন্দ্রনাথের খুনের পেছনে ভিন রাজ্যের আততায়ীদের যোগাযোগের বিষয়টি প্রাথমিক তদন্তে উঠে আসে। গতকালই CID এবং STF আততায়ীদের সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য পায়। জানা গিয়েছিল, বালি টোল প্লাজায় UPI পেমেন্টের মাধ্যমে টোল দেওয়া হয়। সেই ডিজিটাল লেনদেনের সূত্র ধরেই খোঁজখবর শুরু করেন তদন্তকারীরা।

আগেই জানানো হয়েছে, গত ৬ ই মে মধ্যমগ্রামে রাস্তায় গুলি করে খুন করা হয় শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথকে। হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন। এ ঘটনায় গুরুতর জখম হন গাড়ির চালক বুদ্ধদেব বেরা। কলকাতার একটি হাসপাতালে তাঁর চিকিৎসা চলছে।

oooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার জগদ্দল বিধানসভা এলাকার ভাটপাড়ায় ব্যাগ ভর্তি তাজা বোমা উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। স্থানীয় বাসিন্দারা আজ সকালে ঝোপের মধ্যে একটি ব্যাগ পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেয়। পুলিশ এসে ব্যাগ থেকে একাধিক বোমা উদ্ধার করে। বোমাগুলি পরে নিষ্ক্রিয় করা হয়। পুলিশের পাশাপাশি এলাকায় মোতায়েন রয়েছে কেন্দ্রীয় বাহিনীও।

oooooooooooooooooooo

পুর নিয়োগ দুর্নীতি মামলায় প্রাক্তন দমকলমন্ত্রী সুজিত বসু আজ ইডি-র দফতরে হাজিরা দিয়েছেন। তার ছেলে সমুদ্র বসুও সঙ্গে রয়েছেন বলে খবর। দীর্ঘদিন দক্ষিণ দমদম পুরসভার সঙ্গে যুক্ত থাকায় সেই সময় নিয়োগ প্রক্রিয়ায় তাঁর কোন ভূমিকা ছিল কিনা, সেব্যাপারে জিজ্ঞাসাবাদ করছেন তদন্তকারীরা। ভোটের আগে একাধিকবার সুজিত বসুকে তলব করা হয়।

এর আগে কেন্দ্রীয় বাহিনীকে সঙ্গে নিয়ে সুজিতের বাড়ি, অফিস, ছেলের রেস্তোঁরা সহ একাধিক জায়গায় অভিযান চালায় ইডি।

ooooooooooooooooooooo

কেন্দ্র, বিকশিত ভারত গ্রামীণ কর্মনিশ্চয়তা এবং আজীবিকা মিশন - ভি বি জি রাম জি আইন ২০২৫ বাস্তবায়নের জন্য বিজ্ঞপ্তি জারী করেছে। চলতি বছর পয়লা জুলাই থেকে দেশব্যাপী এই আইন কার্যকর হবে। গ্রামোন্নয়ন মন্ত্রক জানিয়েছে, এই আইনের অধীনে গ্রামীণ ভারতের ক্ষমতায়নে প্রতি অর্থবর্ষে ১২৫ দিনের কাজ সুনিশ্চিত হবে। নতুন এই রূপরেখার অধীনে কাজ শুরুর জন্য চলতি অর্থবর্ষে ৯৫ হাজার ৬শো৯২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে বলে আকাশবাণীর সংবাদিদাতা জানিয়েছেন।

উল্লেখ্য, ২০০৫ সালে চালু হওয়া ২০ বছরের পুরনো মহাত্মাগান্ধী গ্রামীণ কর্ম নিশ্চয়তা প্রকল্পে ১শো দিনের কাজের বদলে নতুন ভি বি জি রাম জি আইন আনা হয়েছে।

ooooooooooooooooooooo

পশ্চিম এশিয়ায় সঙ্কটের মধ্যেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতকে শক্তিশালী করার উদ্যোগে অংশীদার হওয়ার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। হায়দ্রাবাদে গতকাল এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী দেশের কাছে ৭ টি আবেদন জানান। শ্রী মোদী, নাগরিকদের গণপরিবহন এবং গাড়ীর জন্য আমদানিকৃত জ্বালানির ব্যবহার

কমিয়ে বৈদেশিক মুদ্রা সংরক্ষণে সহায়তা করার আহ্বান জানিয়েছেন। পশ্চিম এশিয়ায় সংঘাত এবং হরমুজ প্রণালীতে অবরোধ অব্যহত থাকার কারণে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ব্যারেল পিছু ১-শো ডলার ছাড়িয়ে গেছে। এহেন পরিস্থিতির মধ্যেই প্রধানমন্ত্রীর এই আবেদন।

(বাইট – প্রধানমন্ত্রী)

উল্লেখ্য, গত মাসে অপরিশোধিত তেলের দাম ৫২ সপ্তাহের মধ্যে সর্বোচ্চ ব্যরেল পিছু ১২৬ ডলারে পৌঁছে যায়।

প্রধানমন্ত্রী মোদী এই পরিস্থিতিতে অপ্রয়োজনীয় খরচের দিকটি পুনর্বিবেচনা করতে এবং এক বছরের জন্য বিদেশ ভ্রমণ এড়িয়ে চলার আহ্বান জানিয়েছেন। এই সময়কালে বিদেশে ডেস্টিনেশন ওয়েডিং পরিকল্পনা না করতে এবং অত্যধিক সোনা কেনার প্রবণতা কমানোর কথাও বলেছেন তিনি। শ্রী মোদী, ফের একবার ওয়ার্ক ফ্রম হোম চালু করার আবেদন জানান। এছাড়াও রানায় ভোজ্য তেলের ব্যবহার এবং কৃষিকাজের জন্য বিদেশ থেকে আমদানী করা রাসায়নিক সার ব্যবহারে কাটছাঁট করার আবেদন জানিয়েছেন প্রধানমন্ত্রী। ভোকাল ফর লোকালের ভাবনায় জোর দিয়ে শ্রী মোদী, ২০৪৭ এর মধ্যে বিকশিত ভারত গঠনের লক্ষ্য পূরণ করতে জৈব চাষ এবং আত্মনির্ভরতা বাড়িয়ে তোলার ওপর জোর দেন।

oooooooooooooooooooooo

দেশীয় খেলনা শিল্পকে বিশ্বমঞ্চে তুলে ধরতে ভারত সরকারের বড় উদ্যোগ — “ন্যাশনাল অ্যাকশন প্ল্যান ফর টয়েস”।
শিক্ষা, সংস্কৃতি ও আত্মনির্ভরতার বার্তা নিয়ে নতুন সম্ভাবনার দরজা খুলছে ভারতীয় খেলনা শিল্প।

একটি প্রতিবেদন -

oooooooooooooooooooo

ISL ফুটবলে আজ ইস্টবেঙ্গল, পাঞ্জাব এফসি-র বিরূদ্ধে খেলবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

১০ ম্যাচে ২১ পয়েন্ট নিয়ে ইস্টবেঙ্গল লিগ তালিকার শীর্ষে রয়েছে। সপ্তম স্থানে থাকা পাঞ্জাব এফসি- র সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ১৮ ।

oooooooooooooooooooo

ooooooooooooooooooooo